



বিষয়: প্রশিক্ষণার্থীদের ডিপ্লোমা সার্টিফিকেট প্রদানের বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতি প্রদান।

সভাপতি মোঃ মাহবুব হোসেন
সচিব
সভার তারিখ ১৯ আগস্ট ২০২০
সভার সময় সকাল ১০:০০ মিনিট
স্থান ভার্চুয়াল পদ্ধতিতে।

উপস্থিতি ০১. জনাব মোঃ আজিজুল আলম, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা ০২. জনাব, মোঃ হাসানুল ইসলাম, এনডিসি, অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, ০৩. জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক, অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয় অধিশাখা-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, ০৪. ড. মো: সানোয়ার জাহান ভূইয়া, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা, ০৫. জনাব আ. ন. ম. তরিকুল ইসলাম, উপসচিব (বেসরকারি বিশ্ববিদ্যালয়-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, ০৬. ড. মোঃ ফখরুল ইসলাম, পরিচালক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন হওয়ায় সকল সভা ভার্চুয়াল পদ্ধতিতে সম্পন্ন করতে পারায় মাননীয় প্রধানমন্ত্রী এবং বর্তমান সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক, অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি সভাকে জানান Skills for Employment Investment Program (SEIP) এর আওতায় মোট ০৪টি (পাবলিক ও প্রাইভেট) বিশ্ববিদ্যালয় Garment Business, Knitwear Industry Management, Textile Management এবং Leather and Footwear Management বিষয়ে যথাক্রমে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল ও ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। ইন্ডাস্ট্রি সেক্টরে মধ্যম ও শীর্ষ পর্যায়ে উচ্চমান সম্পন্ন দক্ষ ও যোগ্যতার ব্যবস্থাপক তৈরি করার উদ্দেশ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর সহায়তায় কোর্স চারটি চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি অতিরিক্ত সচিব জনাব মোঃ আজিজুল আলম সভাকে জানান, মধ্যম আয়ের দেশ হিসাবে ইতঃমধ্যে অর্জিত সাফল্যের ধারাবাহিকতায় দেশকে উন্নত দেশের কাতারে উন্নীত করার জন্য প্রাইভেট সেক্টরকে সহায়তার অংশ হিসাবে দক্ষ ও যোগ্য কর্পোরেট ব্যবস্থাপক তৈরির উদ্দেশ্যে উক্ত ৪টি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স চলমান রয়েছে। এর মধ্যে ইন্সট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে চলমান ডিপ্লোমা কোর্সটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদন পেয়েছে। কিন্তু গত ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখে আবেদন করার পর দীর্ঘ দিন অতিবাহিত হলেও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে চলমান Knitwear Industry Management ডিপ্লোমা কোর্সের অনুমোদন দেয়নি। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি জনাব ড. মোঃ ফখরুল ইসলাম এর মতামত জানতে চাওয়া হলে তিনি জানান, ব্র্যাক বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসে স্থানান্তরের শর্তপূরণ না করায় মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞার কারণেই উক্ত আবেদন প্রক্রিয়া করা হয়নি। তবে ব্র্যাক বিশ্ববিদ্যালয় নিজস্ব ক্যাম্পাসের নির্মাণ কাজ চলমান রয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধির উক্ত বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, যেহেতু উক্ত ৪টি ডিপ্লোমা কোর্স সরকারি অগ্রাধিকার প্রকল্পের সহায়তায় চলমান এবং এ বিষয়ে যেহেতু অর্থসচিব মহোদয় অনানুষ্ঠানিক পত্রের মাধ্যমে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানিয়েছেন সেহেতু নীতিগতভাবে উক্ত কোর্সের অনুমোদন দিতে শিক্ষা মন্ত্রণালয়ের কোন সমস্যা নেই। দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সহায়ক ও বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের স্বার্থে উক্ত কোর্সটির অনুমোদন প্রক্রিয়া দ্রুততর করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। ইন্সট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ডিপ্লোমা কোর্স পরিচালনার অনুমোদন প্রদান করায় সভাপতি মহোদয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) SEIP প্রোগ্রামের আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে চলমান Knitwear Industry Management শীর্ষক ডিপ্লোমা কোর্সের অনুমোদনের বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবে।

৩. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মহাবু

মোঃ মাহবুব হোসেন
সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৯৯.০০৯.১৭.১১৩

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭

১৯ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয়-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২০১৬

আ.ন.ম. তরিকুল ইসলাম
উপসচিব